দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 13 JUL 2009 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

মাদ্রাসা শিক্ষা বোর্ডকে নির্দেশনা

# জাতীয় সঙ্গীত পরিবেশন ও জাতীয় পতাকা উত্তোলন না করলে কঠোর শাস্তি

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

যেসব মাদ্রাসায় জাতীয় সঙ্গীত পরিবেশন করা হয় না বা জাতীয় পতাকা উত্তোলন করা হয় না, সেগুলোর বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেয়ার জন্য মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যানকে নির্দেশনা দিয়েছে সরকারি প্রতিশ্রুতি বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটি। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি টানানোর ক্ষেত্রেও কড়াকড়ি আরোপ করেছে কমিটি। গতকাল রবিবার সংসদ সচিবালয়ে অনুষ্ঠিত বৈঠক শেষে কমিটির সভাপতি এডভোকেট ফজলে রাব্বী মিয়া সাংবাদিকদের এসব তথ্য জানান। এদিকে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের পক্ষ থেকে সংসদীয় কমিটিকে জানানো হয়েছে ঢাকা শহরের বিদ্যুৎ চাহিদা আগামী এক বছরের মধ্যে পূরণ করা সম্ভব হবে না। বর্তমানে ঢাকায় ঘাটতি সাড়ে তিনশ' থেকে চারশ' মেগাওয়াট। বৈঠকে বলা হয়, ২০১২ সালের মধ্যে দেশের সার্বিক বিদ্যুৎ চাহিদা পূরণ করা সম্ভব হবে। এজন্য সরকার ও মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ নিয়েছে। কমিটির পক্ষ থেকে মধ্যপাড়া কঠিন শিলা প্রকল্পকে লাভজনক করার (২য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## [জা]তীয় সঙ্গীত

(প্রথম পৃঃ পর)

ব্যাপারে বেশ কিছু সুপারিশ করা হয়েছে। বৈঠকে সপ্তম, অষ্টম এবং নবম জাতীয় সংসদের প্রথম অধিবেশনে শিক্ষা মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয় এবং বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিষয়ে বিভিন্ন প্রতিশ্রুতির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। এছাড়া বিভিন্ন মন্ত্রণালয়ের প্রকল্পসমূহের অগ্রাধিকারভিত্তিক অনুমোদন ও বাস্তবায়নের ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেয়ার জন্য পরিকল্পনা কমিশন ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে সুপারিশ করা হয়।

স্পিকার ব্যারিস্টার জমির উদ্দিন সরকার, ডেপুটি স্পিকার আখতার হামিদ সিদ্দিকী ও চিফ হুইপ খোন্দকার দেলোয়ার হোসেনের বিরুদ্ধে উত্থাপিত তদন্ত রিপোর্ট প্রসঙ্গে তিনি বলেন, আমরা রিপোর্ট সংসদে উত্থাপন করেছি। এ ব্যাপারে সংসদ সিদ্ধান্ত নেবে। ভারতের উদাহরণ দিয়ে বলেন, ১৯৫১ সালে ভারতের সংসদ সদস্য এসজি মুডগালের বিরুদ্ধেও অভিযোগ ওঠায় তিনি সংসদ থেকে পদত্যাগ করেন। কিন্তু সংসদ তার পদত্যাগপত্র গ্রহণ না করে তার সদস্য পদ বাতিল করে।

বৈঠকে কমিটির সদস্য আলহাজ্ব মোঃ নজরুল ইসলাম, মোঃ একেব্বর হোসেন, মজিবুর রহমান ফকির এবং রাশেদা বেগম হীরা যোগ দেন। শিক্ষা মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এবং যোগাযোগ মন্ত্রণালয়ের সচিব এবং সংশ্লিষ্ট কর্মকর্তারা বৈঠকে উপস্থিত ছিলেন।